



**মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ইনোভেশন টিমের  
২০২১-২০২২ উদ্ভাবন কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ**

সভাপতি	:	ডাঃ মোঃ সারোয়ার বারী পরিচালক মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তারিখ	:	২৯ সেপ্টেম্বর, ২০২১
সময়	:	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	:	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের সভা কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট- 'ক'

সভাপতি ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিস্টেম এনালিস্ট, সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী উদ্ভাবন কর্মপরিকল্পনার ১(১.১)-এ একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন এবং ১(১.২)-এ একটি সেবা সহজিকরণ নির্ধারিত সময় অর্থাৎ ৩য় কোয়ার্টারের মধ্যে বাস্তবায়িত করতে পারলে কর্মসম্পাদন সূচক পূর্ণনম্বর পাওয়া যাবে। সে মোতাবেক এ অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনা শেষে সকলের সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অর্থ বছরে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ে মুদ্রিত বিভিন্ন গেজেট, পরিপত্র ইত্যাদি সহজলভ্য প্রাপ্তিতে মোবাইল অ্যাপ তৈরি করা হলে খুব সহজেই বিভিন্ন গেজেট, পরিপত্র ইত্যাদি পাওয়া সহজ হবে এবং সরকারি ব্যয় ও সময় হ্রাস পাবে বলে সভায় উপস্থিত সদস্যগণ জানান। বিষয়টি মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্তি করে নির্ধারিত সময় অর্থাৎ ৩য় কোয়ার্টারের মধ্যে বাস্তবায়িত করার সিদ্ধান্ত গৃহীত হয়।


২। 'মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে প্রাপ্ত মুদ্রণ সংক্রান্ত সেবা সহজিকরণ।' বর্তমানে বিভিন্ন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ব-শাসিত/দপ্তর/সংস্থা থেকে আগত মুদ্রণাদেশ সরাসরি এ অধিদপ্তরে আসলে তা প্রসেস বা সিস্টেম অনুযায়ী পদক্ষেপ নিতে বিলম্ব হয়। এতে সেবা প্রত্যাশীগণ তাদের কাঙ্ক্ষিত সেবা সময়মত পান না। এই সেবা চালু হলে দপ্তর/সংস্থা থেকে আগত মুদ্রণাদেশ যে কাজের জন্য যে অফিস/প্রেস নির্ধারণ করা আছে আগত মুদ্রণাদেশ ঠিক সেই অফিস/প্রেসে যাবে। এতে অল্প সময়ে সেবা প্রত্যাশীগণ তাদের কাঙ্ক্ষিত সেবা পাবেন। তাই সেবা প্রত্যাশীদের দ্রুত সেবা নিশ্চিত করতে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় 'মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে প্রাপ্ত মুদ্রণ সংক্রান্ত সেবা সহজিকরণ' নির্ধারিত সময়ের মধ্যে চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১(১.৬)-এ ৪র্থ শিল্প বিশ্ববের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আগামী নভেম্বর/২০২১ এর মধ্যে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অর্থ বছরের বাস্তবায়ন সংক্রান্ত 'উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্য' ও 'সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্য' দিনব্যাপী দুইটি প্রশিক্ষণ আগামী অক্টোবর/২০২১ এর মধ্যে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় সংশ্লিষ্ট বাজেট বরাদ্দের (কোড-৩২৫৭১০৫) খাত থেকে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়ন সংক্রান্ত উদ্ভাবনে দক্ষতা ও অভিজ্ঞতা এবং জ্ঞানার্জনের জন্য অভ্যন্তরীণ (দেশে) বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
( ডাঃ মোঃ সারোয়ার বারী )  
পরিচালক  
ফোন-৫৫০৩০০২৮  
director@dpp.gov.bd